বিনিয়োগ কৌশলের আদর্শ পত্রিকা

# সিন্ধুক দর্শন

০৩|আগস্ট সংখ্যা|২০২০|₹ ৫:০০

www.sindhuk.com

- কেন একজন নাগরিকের আয়কর রিটার্ন ফাইল করা উচিত ।
- ৫০০ টাকা বিনিয়োগ নিজের জন্য এবং দেশের স্বার্থে করার ৫ টি যুগোপযোগী উপায় ।

বন্দে মাতরম্ ।
সুজলাং সুফলাং
মলয়জশীতলাম্
শস্যশ্যামলাং
মাতরম্ !!

বন্দে মাতরম্

# কেন একজন নাগরিকের আয়কর রিটার্ন ফাইল করা উচিত

জুলাই মাস শেষ হয়ে আগস্ট মাস চলছে ---- তাহলে তো আপনার বার্ষিক আয়কর রিটার্ন ফাইল করার সময় এসেছে | সুতরাং এখন যা দরকার তা হলো – আপনার সকল আয়ের উৎসগুলিকে একত্রিত করা এবং নিয়মানুসারে মূল আয় থেকে বাদ যাবে সেই সকল ব্যয় ও বিনিয়োগের বিষয়গুলিকে একত্রিত ও হিসাব করে আপনার কর প্রদানের দ্বায়বদ্ধতা নির্ধারণ করা |

কিন্তু আমাদের মধ্যে প্রতিবছর কতজন এই প্রক্রিয়াটি নিয়মিত করছেন ? ঠিক আছে, যদি আপনি নিয়মিত আপনার বার্ষিক ট্যাক্স রিটার্ন দাখিল করতে অভ্যস্ত না হন তবে এখন আপনার একটু সিরিয়াস হয়ে চিন্তার সময় – সকলের জন্যই – বেতনভুক কর্মচারী থেকে – প্রফেশনাল – আপনার ট্যাক্স রিটার্ন দাখিলের সময়সীমাটি হলো ৩১ জুলাই ২০২০ |

২০১৮ র এক বক্তৃতায় তৎকালীন অর্থমন্ত্রী স্বর্গীয় অরুন জেঠলি মহাশয় উল্লেখ করেছিলেন ৩১ জুলাই ২০১৮ র মধ্যে সেই বছরের আয়কর প্রদান করা বাধ্যতা মূলক – অন্যথায় জরিমানা প্রদান করতে হবে | নির্ধারিত তারিখের পর থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ র মধ্যে ট্যাক্স প্রদান করা হলে ৫০০০ টাকার জরিমানা মূল প্রদেয় আয়করের সাথে যুক্ত করা হবে এবং ৩১ ডিসেম্বর ২০১৮ র পর হয়ে গেলে সেই ক্ষেত্রে ১০ হাজার টাকা জরিমানার উল্লেখ রয়েছে | কিন্তু এমন কোনো ব্যক্তি যার বার্ষিক যায় ৫ লক্ষ্য টাকার কম সেই ক্ষেত্রে ১ হাজারের জরিমানার স্ল্যাব রাখা হয়েছিল |

জরিমানার কথা সরিয়ে রেখে বলা যায় একজন দায়িত্ববান নাগরিক হিসাবে সময়মতো ট্যাক্স প্রদান করা / ট্যাক্স ফাইল সাবমিট করা আমাদের কর্তব্য | এটি আপনার আয়ের বৈধতার সাথে আপনার ফিনান্সিয়াল দিকের স্বচ্ছ ভাবমূর্তি প্রকাশ করবে ও মানসিক শান্তিও প্রদান করবে | নিম্নের লেখনীতে আমরা কীভাবে আপনার ট্যাক্সের রিটার্ন সময়মতো পূরণ করবেন আপনার পক্ষে তার উপকারী তা গুরুত্বপূর্ণ কিছু বিষয় তুলে ধরেছি।

# দায়িত্বশীল নাগরিক হন :

বার্ষিক ট্যাক্স রিটার্ন পূরণ করা সকল ব্যক্তি তিনি কর প্রদানের আওতা ভুক্ত হন বা না হন সকলের কর্তব্য | কর প্রদান করা ট্যাক্স যোগ্য ব্যক্তির ক্ষেত্রে বাধ্যতামূলক | ব্যক্তিগত ভাবে প্রদেয় ট্যাক্সের অংশ গুলি জাতীয় উন্নতিসাধন কাজে লাগানো হয়ে থাকে পরিকাঠামো, স্বাস্থ্যসেবা, শিক্ষা ইত্যাদি | ট্যাক্স রিটার্ন ফাইল করা ব্যক্তি তার ঘোষিত আয় সরকারি বৈধতা পায় , এবং সেই ব্যক্তির সেই যায় ভবিষ্যতে ইনকাম করার ক্ষেত্রে সরকারি বা কোনো প্রশ্নের সম্মুখীন হতে হয় না |

# ব্যাংক তথা অন্যান্য লোন পাওয়ার যোগ্যতা বৃদ্ধি

ভবিষ্যতের কথা মাথায় রেখে মনে করা হয় কোনো না কোন ক্ষেত্রে একজন ব্যক্তি লোনের প্রয়োজন হতেই পারে | আপনার গৃহ ঋণ – ব্যবসায়িক ঋণ – গাড়ি কেনার ঋণ – এমন কি সন্তানের উচ্চ শিক্ষার ক্ষেত্রে লোন / ঋণ নেওয়ার ক্ষেত্রেও ট্যাক্স রিটার্ন ফাইল থাকা বাধ্যতা মূলক | আপনার বার্ষিক আয় কর প্রদানের উপযুক্ত হোক বা না হোক ইনকাম ট্যাক্স রিটার্ন ফাইল ব্যাতিত কোনো প্রকার লোন পাওয়ার যোগ্যতা আপনি অর্জন করবেন না |

আজকের দিনে — আয়কর রিটার্ন ফাইল ( ITR ) আর্থিক হিসাব ক্ষেত্রে একটি প্রাথমিক নথি – আয়ের প্রমানের প্রাথমিক এবং গুরুত্বপূর্ণ দস্তাবেজ হিসাবে স্থান পেয়েছে | আয়কর রিটার্ন ফাইল ( ITR ) আপনার বাষিক আয়ের সরকারি প্রমাণপত্র | বর্তমানে ঋণ প্রদানকারী যে কোনো ব্যাংক – NBFC ( নন ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি ) যেকোনো প্রকার ঋণ সংক্রান্ত কথা বলার আগেই আপনার ITR সম্পর্কে জানতে চাইবেন – আপনার উত্তর নেতিবাচক হলে তারা কোনো ক্ষেত্রেই আপনার কাজ এগোতে পারবেন না | এই আয়কর রিটার্ন ফাইল ( ITR ) আপনার বার্ষিক যায় ও ঋণ পরিশোধের ক্ষমতা সম্পর্কে সম্পর্কে স্পষ্ট ইঙ্গিত দেয় | যে ক্ষেত্রে কোনো ব্যাংক অথবা NBFC ( নন ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি ) আপনার আয়ের স্বচ্ছতা সম্পর্কে অবহিত এবং সন্তুষ্ট হবেন সেই ক্ষেত্রে আপনার আবেদনকৃত অর্থরাশি ঋণ ফেরত ক্ষমতার যোগ্যতার বিচারে আপনাকে মঞ্জুর করবেন |

# লস অ্যাডজাস্টমেন্ট

এই প্যারাগ্রাফ তা একজন ব্যবসায়ীর জন্য উপযুক্ত | আমরা সকলেই জানি ব্যবসায়ে লাভ – লোকসান হয়েই থাকে | এই ক্ষেত্রে আয়কর আইনের কিছু শর্তাবলী এবং শর্ত স্বাপেক্ষে একজন ব্যাবসায়ী পরবর্তী বছরের লাভ এর আয়ের সাথে বিগত বছরের লোকসানের সামঞ্জস্যতা করে আয় কর প্রদানের সুযোগ পেয়ে থাকেন | এই ক্ষেত্রে একজন ব্যবসায়ী নির্দিষ্ট শর্ত স্বাপেক্ষে কোন নির্দিষ্ট বছরের লোকসান কে সামলে আগামী কয়েকটি নির্দিষ্ট বছরের অধুনিক মুনাফা থেকে সামগ্রিক ভাবে অ্যাড্যাস্টেড যায় কর রিটার্ন প্রদানের সুযোগ পেয়ে থাকেন – যা একজন ব্যবসায়ীর ওপর কিছুটা চাপ কমাতে সাহায্য করে |
তবে আবারও, এই সমন্বয় দাবি করা বা সেট অফ করার প্রাথমিক প্রয়োজনীয়তা হ'ল পৃথক সময়ে সময়ে আয়কর রিটার্ন দাখিল করতে হবে। এই প্রয়োজনীয়তা মেনে চলতে কোনও ব্যর্থতা ভবিষ্যতের আয়ের বিপরীতে লোকসানটি সামঞ্জস্য করতে বা সেট আপ করতে অযোগ্য ঘোষণা করবে।

# অবমূল্যায়নের ( DEPRECIATION ) দাবি

ইনকাম ট্যাক্স আইনের মধ্যে যে সকল সম্পত্তির অবমূল্যায়ন হিসাব করা সম্ভব – একজন ট্যাক্স প্রদানকারী ব্যক্তি যদি সেই প্রকার কোন সম্পত্তির মালিক হয়ে থাকেন তাহলে তার বার্ষিক মূল আয় থেকে সেই বিশেষ সম্পত্তির অবমূল্যায়নের পরিমান অর্থরাশির অ্যাডজাস্টমেন্টের দাবি করে সুবিধা নিতে পারেন | কারণ এটি অনুমোদনযোগ্য ব্যয় এবং ট্যাক্স রিটার্ন ফাইল করার সময় কেউ ছাড়ের দাবি করতে পারে।

# ট্যাক্স রিটার্ন ফাইলিং বাধ্যতামূলক

আপনি যদি বেতনভোগী কর্মচারী হন এবং আপনার বেতন TDS (TAX DEDUCTED AT SOURCE) কেটে নেওয়ার পরে প্রদান করা হয়, আপনার নিয়োগকর্তার কর্তৃক কেটে নেওয়া অতিরিক্ত অর্থরাশি নির্দিষ্ট বৎসরান্তে ITR দাখিল করার সময় সেই অর্থরাশি ফেরতপাওয়ার দাবি জানাতে হবে ,এটির জন্য আপনার ট্যাক্স রিটার্ন দাখিলকরা বাধ্যতামূলক । এছাড়াও অনেক ক্ষেত্রে, কোনও ব্যক্তি যদি অস্থাবর সম্পত্তি লেনদেনের সাথে জড়িত থাকে, তবে ডকুমেন্টেশনের অংশ হিসাবে আইটিআর (ITR) বাধ্যতামূলক।

# পেনাল্টি এবং আর্থিক আইনি ঝামেলা থেকে রক্ষা করে

আপনার ইনকাম আয়কর প্রদানের উপযুক্ত হোক অথবা না হোক আপনাকে ITR দাখিল করার পরামর্শ প্রদান করা হচ্ছে | এখন আপনি যদি ট্যাক্স রিটার্ন দাখিল করতে ব্যর্থ হন অথবা লুকিয়ে যান এবং পরবর্তী সময়ে ট্যাক্স কর্তৃপক্ষ আপনার আয়ের উত্স খুঁজে পায় তাহলে বিরাট অংকের জরিমানা, মামলা এবং এমনকি কারাদণ্ডের কারণ হতে পারে। সুতরাং সর্বদা সতর্ক দৃষ্টিভঙ্গি অবলম্বন করা এবং আপনার আইটিআর থেকে আয় ঘোষণা করার পরামর্শ দেওয়া হয়।

# উপসংহার

হয়তো কেউ মনে করতে পারেন তার ব্যক্তিগত বার্ষিক ইনকাম ট্যাক্স প্রদানকারী স্ল্যাবের নিচে তাই তিনি ট্যাক্স ফাইল দাখিল করবেন না – হয়তো ফাইল দাখিল করার ফী হিসাবে কোনো ব্যক্তিকে ৫০০ – ১০০০ টাকা প্রদান অনেকের কাছে ফালতু মনে হচ্ছে – সেটি তার ব্যক্তিগত বিষয় কিন্তু সেই ক্ষেত্রে ওই ব্যক্তি ভবিষ্যতে আবেদন করে লোন পাওয়ার সুযোগ হারালেন এবং হতে পারে নির্দিষ্ট বছরের ITR ফাইল দেখাতে না পাড়ার কারণে অত্যন্ত প্রয়োজনীয় লোন অনুমোদনের আবেদন ব্যাংক নাকচ করে দিতে পারে|

সুতরাং আপনি বাৎসরিক যে পরিমান আয় করুন না কেন সেটি – ৫০ হাজার হোক বা ৫ কোটি বা আরও বেশি এই ITR ফাইল থাকলেই যেকোনো লোন সহজে আপনার বার্ষিক আয়ের ITR ( আয়কর রিটার্ন ফাইল) প্রমাণপত্রের ওপর নির্ভর করে আপনার লোন রিটার্ন ক্ষমতার বিচার করে পেতে সুবিধা হবে – এবং আপনার ইনকাম জাতীয় হিসাব রক্ষণের সাথে সংযোজিত হয়ে স্বচ্ছতা পাবে বর্তমানে এই প্রমাণপত্রটি অত্যন্ত গুরুত্বপূর্ণ |

দ্রুত ITR ফাইল করে রাখুন – ভবিষ্যতে এর ব্যবহার উত্তরোত্তর বৃদ্ধি পাবে |




লেখকঃ বিশ্বজিৎ মালাকার , সিন্ধুকের পক্ষে ।

# ৫০০ টাকা বিনিয়োগের ৫ টি যুগোপযোগী উপায়

## যথাসময়ে শুরু করুন এবং নিয়মিত বিনিয়োগ করুন |

আপনার সঞ্চয় বা বিনিয়োগের পরিমাণ যত কম হোক না কেন, যত তাড়াতাড়ি সম্ভব বিনিয়োগের অভ্যেস গড়ে তোলার দরকার। এই প্রক্রিয়াটি আপনাকে আপনার জীবনের লক্ষ্যে পৌঁছানোর জন্য আর্থিক পরিকল্পনা তৈরিতে সহায়তা করবে।

মনে রাখবেন ,

হাজার মাইল পরিকল্পিত যাত্রা শুরুর জন্য একটি পদক্ষেপই যথেষ্ট |
যখন আমি কলেজের ছাত্র ছিলাম, আমি অর্থ সংগ্রহের / সঞ্চয়ের বিভিন্ন উপায়গুলি অনুসন্ধান করতাম এবং বিভিন্ন উপায়ে বিনিয়োগের চেষ্টা করতাম। যদি আমি মাসে 500 টাকা সাশ্রয় করতে পারি, আমি এটি নিয়মিত বিনিয়োগ করার বিষয়টি নিশ্চিত করব।
আপনার আর্থিক লক্ষ্যগুলি অর্জন করতে আপনার সামনে কোন আর্থিক সরঞ্জামগুলিতে বিনিয়োগের রাস্তা খোলা রয়েছে সেটি জানতে, আপনি KREDENT MONEY APP টির সহায়তা নিতে পারেন।
এই ব্লগে, আমি শীর্ষস্থানীয় 5 বিনিয়োগের বিকল্পগুলি উল্লেখ করা হয়েছে , যা আপনাকে প্রতি মাসে 500 টাকা সাশ্রয় / সঞ্চয়ের মাধ্যমে আপনার ভবিষ্যতের লক্ষ্যগুলিতে পৌঁছাতে সাহায্য করতে পারে |

## ১. একটি পদ্ধতিগত বিনিয়োগ / সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট শুরু করুন

এই বিভাগটি তৈরির পেছনের মুখ কারণ হলো – সেভিংস এবং ইনভেস্টমেন্ট ( বিনিয়োগ) এর অভ্যাস গড়ে তোলা | সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (SIP) হলো মিউচুয়াল ফান্ড স্কীমে বিনিয়োগ |

যদিও কিছু নির্দিষ্ট বিষয় রয়েছে যা মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের আগে আপনাকে অবশ্যই তা জানতে হবে।
যেহেতু একটি মিউচুয়াল ফান্ড পেশাদার ফান্ড ম্যানেজারদের দ্বারা পরিচালিত হয় তাই আপনার বিনিয়োগকৃত অর্থরাশির বৃদ্ধির উচ্চসম্ভাবনা রয়েছে |

এটি 500 টাকার বিনিময়ে শুরু করা যেতে পারে। আপনি যদি এখনই এটি শুরু করতে চান, আপনি সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (SIP) শুরু করার বিষয়ে 2 টি পদক্ষেপের চেকলিস্ট সম্পর্কিত আমাদের বিস্তারিত ব্যাখ্যাটি দেখতে পারেন
তাড়াতাড়ি সময় হাতে থাকতে বিনিয়োগ শুরু করার অন্যতম সুবিধা হলো পাওয়ার অফ কম্পাউন্ডিং ( চক্রাকার শক্তি / যৌগিক শক্তি ) |
পাওয়ার অফ কম্পাউন্ডিং কিভাবে কাজ করে তা আপনি এইখানে পড়ার মাধ্যমে আশাকরি বুঝতে পারবেন |

আমরা কয়েকটি মিউচুয়াল ফান্ডের স্কিম নীচে তালিকাভুক্ত করেছি যার উপর আপনি গবেষণা এবং বিনিয়োগ করতে পারেন।

HDFC SMALL CAP FUND
DSP MID CAP FUND
HDFC MID CAP OPPORTUNITIES FUND
ADITYA BIRLA SUN LIFE EQUITY FUND
ICICI PRUDENTIAL EQUITY AND DEBT FUND

দ্রষ্টব্য: উপরে উল্লিখিত তহবিলগুলির কোনোটিতেই সরাসরি বিনিয়োগ করার পরামর্শ আমরা প্রদান করছি না । বিনিয়োগের জন্য উপলব্ধ বিভিন্ন স্কিম সম্পর্কে ধারণা দেওয়ার জন্য এগুলি কেবল উদাহরণ স্বরূপ উল্লেখ করা হয়েছে|

## ২. কোনো কোম্পানির শেয়ার ক্রয় করুন

আমি জানি আপনি বর্তমানে কী ভাবছেন : “ আমি যদি কোনও সংস্থার মাত্র একটি শেয়ার / অংশদারিত্ব ক্রয় করি তাহলে কী হবে?”

আর কিছু না হোক এই পদক্ষেপ আপনাকে শেয়ার মার্কেট অনুসরণ করতে এবং কিছু জ্ঞান লাভের বিষয়ে সহায়তা করবে | মানব মনস্তত্ব বিচার করে দেখা গেছে ,যে মুহূর্তে আপনি কোনো কিছুতে বিনিয়োগ শুরু করবেন তখন থেকেই সেই বিষয় জানার আগ্রহ বৃদ্ধি পায় অর্থাৎ এই ক্ষেত্রে শেয়ার মার্কেট সম্পর্কে জ্ঞান অর্জনের ইচ্ছা ও খিদে বৃদ্ধি পাবে |

আপনি যদি শেয়ার মার্কেট সম্পর্কে আগ্রহী হয়ে থাকেন এবং অর্থ উপার্জন করতে চান তাহলে মার্কেট এবং বিভিন্ন কোম্পানি সম্পর্কিত না প্রকার খবর আপনাকে অনুসরণ করতে হবে, বুঝতে হবে বিষয়গুলো কিভাবে কাজ করে এবং তা মার্কেটের সাথে মিলিয়ে দেখতে হবে – এইসবের জন্য অবশ্যই কিছু দক্ষতার প্রয়োজন | এই ৫০০ টাকার ব্যবহার আপনাকে এই সব বিষয়ে আগ্রহী করে তুলতে ও বুঝতে যথেষ্ট সাহায্য করে তুলতে পারে |

# ৩. একটি রেকারিং ডিপোজিট (RD) অ্যাকাউন্ট শুরু করুন-

আপনি যদি প্রতি মাসে 500 টাকা সাশ্রয় করতে সক্ষম হন কিন্তু আপনি শেয়ার বাজারে বিনিয়োগে আগ্রহী নন কারণ আপনার বিবেচনায় এটি খুব ঝুঁকিপূর্ণ মনে করেন এবং আপনি আমানতের সুরক্ষার সাথে বৃদ্ধি কামনা করে থাকেন , তাহলে আপনি কোনও ব্যাংক বা পোস্ট অফিসে (ডাকঘর) একটি পুনরাবৃত্তি আমানত অ্যাকাউন্ট ( রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট ) শুরু করতে পারেন। এই বিনিয়োগ ব্যবস্থায় আপনার জমাকৃত আমানতরাশি সুরক্ষার সাথে বৃদ্ধিও পাবে |

ভারতে প্রায় সব ব্যাংকই পুনরাবৃত্তি আমানত অ্যাকাউন্ট ( রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট ) পরিষেবা সরবরাহ / প্রদান করে থাকে ।

রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট ওপেন করার নির্দেশাবলী প্রায় সকল ব্যাংকের নির্দিষ্ট ওয়েবসাইটে উল্লেখ করা রয়েছে| এটিকে একটি সরল ঝামেলাহীন বিনিয়োগ অ্যাকাউন্ট হিসাবে বিবেচনা করা হয়ে থাকে |

এই ডিপোজিট স্কিমের ক্ষেত্রে সাধারণত দেখা গেছে সুদের হার ৬ %— ৮% এর মধ্যে ঘোড়া ফেরা করে থাকে | বাড়িতে কোনো আর্থিক তহবিল নিরর্থক ও বৃদ্ধিহীন ভাবে গচ্ছিত থাকার চেয়ে সুরক্ষিত ভাবে নির্দিষ্ট হরে বৃদ্ধির দিকে দেখতে গেলে এই উল্লেখ্য শতাংশের রিটার্ন বেশ ভালো |

# ৪. একটি বইতে বিনিয়োগ করুন

বই পড়া একটি সুচারু অভ্যাস। পড়ার অভ্যাস গড়ে তুলে নিজেকে এগিয়ে নিয়ে যাওয়ার পক্ষে প্রচুর উপকারী হতে পারে। প্রয়োজনীয় ও উপযুক্ত বই পড়ার মাধ্যমে আপনি দুর্দান্ত জ্ঞান অর্জন করবেন , প্রচুর বিষয় সম্পর্কে বিভিন্ন দৃষ্টিভঙ্গির বিকাশ ঘটবে তার সাথে আপনার আত্মবিশ্বাস পূর্বের তুলনায় অনেকগুন বৃদ্ধি ঘটবে । বেশিরভাগ সফল ব্যক্তিরা বই পড়ার অভ্যাসের এই ব্যক্তিগত অভ্যেসটির বিষয়ে সহমত এবং নিজেদের এই অভ্যেস রয়েছে বলে শিকার করে থাকলেন |

নিজের জন্য এবং নিজের ক্ষেত্রে বিনিয়োগের থেকে ভালো কিছুই হতে পারে না | আপনি যদি ওপরে উল্লিখিত প্রথম তিনটি বিনিয়োগ বিকল্পের বিষয়ে আগ্রহী না হয়ে থাকেন তাহলে আপনি সর্বদা নতুন বই পড়ার জন্য তা ক্রয় করতে বিনিয়োগ করতে পারেন।

ELON MUSK, (ইলোন মাস্ক ) SPACEX এবং TESLA র মতো নামি খ্যাতিসম্পন্ন সংস্থার প্রতিষ্ঠাতা এক ব্যক্তিগত ইন্টারভিউয়ে / সাক্ষাৎকারে জানিয়েছিলেন – ” ছোট বেলায় তিনি বইয়ের পোকা ছিলেন – যে কোনো প্রকার আকর্ষণীয় বই থাকে হ্যাঁ অর্জনের খিদে তার মধ্যে ছিল যা তাকে প্রশান্তি ও আনন্দ দিতো ” – তিনি আরও উল্লেখ করেছিলেন যে – ” বর্তমানে তিনি যে সকল কাজ করছেন সেই সকলের গোড়া পত্তন ছোট বেলায় বই পড়ার মাধ্যমেই ঘটেছিলও – কিছু বই তাকে খুব অনুপ্রেরণা দিয়েছিলো ” |

# ৫. নিজেকে শিক্ষিত করুন


উপযুক্ত বিনিয়োগের আরেকটি উপায় হ’ল অনলাইনে ছোট সময়ের সার্টিফিকেট (শংসাপত্র) কোর্স গ্রহণ করে নিজেকে আপডেট রাখা ও শিক্ষিত করা।

আমরা সকলেই জানি বর্তমান টেকনো কমার্শিয়াল যুগে ইন্টারনেটের ব্যবহার অত্যন্ত সহজলভ্য এবং পূর্বের তুলনায় খুব কম খরচে আমরা সকলেই বর্তমানে ইন্টারনেটের ব্যবহার করে থাকি দৈনন্দিনের বিভিন্ন কাজের ক্ষেত্রে ও বিনোদনের কারণে | বর্তমানে অনলাইনের পড়াশোনা করার প্রচুর অপশন উপলব্ধ রয়েছে | আপনি আপনার ৫০০ টাকা এর মধ্যে কোনো পছন্দসই অনলাইন কোর্স ক্রয় করে সেটিকে পথ করার মাধ্যমে কিছু নতুন বিষয় শিখতে পারবেন | যেহেতু প্রচুর অপশন রয়েছে তাই আপনার যে বিষয়ে আগ্রহ রয়েছে সেই বিষয়ের কোর্স ক্রয় করে আপনি নিজের জ্ঞানের বৃদ্ধি করবেন |

# বিশেষ সারমর্ম :-

এই ক্ষেত্রে অর্থের পরিমাণ খুব বেশি গুরুত্ব দেয় না, তবে তাড়াতাড়ি সময় থাকতে শুরু করা অনেক গুরুত্বপূর্ণ।
সামান্য ঝুঁকি নেওয়া সম্ভব হলে RD (রেকারিং ডিপোজিট ) এর তুলনায় SIP ( সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান) এ বিনিয়োগ বেশি রিটার্ন প্রদানের সক্ষমতা রয়েছে |
আপনি যদি কোনও বিনিয়োগের জন্য প্রস্তুত না হয়ে থাকেন তাহলে আপনি সর্বদা ছোট অনলাইন কোর্স পড়ার এবং তা গ্রহণের মধ্যে দিয়ে নিজের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ করে তুলতে পারেন।

লেখকঃ বিশ্বজিৎ মালাকার , সিন্ধুকের পক্ষে ।



**আমাদের সাথে যোগাযোগ করতে:-**

www.sindhuk.com
Mobile:9832773806
sindhukcom@gmail.com